

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৮৬.০৮.১৩৭.১৯-৬৪৪

তারিখঃ ২৩ অগ্রহায়ণ ১৪২৬ ব.
০৮ ডিসেম্বর ২০১৯ খ্রি।

বিষয়ঃ রিট পিটিশন নং-৭৪৮১/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৭৪৮১/২০১৯ মামলার বুলনিশি ও আর্জির কপি।


উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৭৪৮১/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপন্ডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
৭৪৮১/২০১৯	এস এম জাহাঙ্গীর আলম, পিতা- মো: সামসুল হক, গ্রাম- ভবানী, উপজেলা- সদর, জেলা- নাটোর গং (২২ জন)।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়, সচিব, টিএমইডি, চেয়ারম্যান, এনটিআরসিএ ও আরো অন্যান্যসহ মোট ০৫ (পাঁচ) জন।	বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক ২০১৯ সালের (১৬ তম) শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তিতে “বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬” এর বিধি (৩)ক অনুযায়ী শুন্য পদের সংখ্যা উল্লেখ ব্যতিরেকে ২৩/০৫/২০১৯ তারিখে বেশিনিক/পমুপ/১৬তম নিপ/ ৯৫৫/২০১৯/১৮৮ সংখ্যক স্মারকে (Annexure-I মূলে) এনটিআরসিএ-এর ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ফলে ওয়েবসাইটে প্রকাশিত উক্ত স্মারকের বিবুকে সংকুচ্ছ হয়ে এস এম জাহাঙ্গীর আলম, পিতা- মো: সামসুল হক, গ্রাম- ভবানী, উপজেলা-সদর, জেলা- নাটোর গং (২২ জন) কর্তৃক পিটিশনার হয়ে মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৭৪৮১/২০১৯ মামলা দায়ের করা হয়।

০১। উল্লেখ্য গত ২৮/৭/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী নিষ্পন্নকরণ: ১৬ তম শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তিতে “বেসরকারি
শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬” এর বিধি (৩)ক অনুযায়ী শুন্য পদের সংখ্যা উল্লেখ ব্যতিরেকে ২৩/০৫/২০১৯ তারিখে
বেশিনিক/পমুপ/১৬তম নিপ/৯৫৫/২০১৯/১৮৮ সংখ্যক স্মারকে (Annexure-I মূলে) জারীকৃত বিজ্ঞপ্তির কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবেনা;
সে মর্মে ২৫/০৮/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শনোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে মহামান্য হাইকোর্টে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে
মহামান্য হাইকোর্টে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৭৪৮১/২০১৯ মামলার ২৮/০৭/২০১৯ তারিখের আদেশ অনুযায়ী সরকার পক্ষের জবাব (Affidavit in
Opposition) দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে NTRCA সংশ্লিষ্ট বিষয়ে মহামান্য আদালতে জবাব
(Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ১৯/১২/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে
মহোদয়কে অনুরোধ করা হলো।


(মো: আ: খালেক মি.এল)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৮১০৫০১৫৭।

চেয়ারম্যান
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
রেডক্রিস্টে বোরাক টাওয়ার, লেভেল-৪ ও ৫
৩৭/৩/এ, ইঙ্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ✓ ২। সিটেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি/মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।